

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৩.২৭.৯০৬(১).১৭-৪৩৩

তারিখঃ ১২/১১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ পিপিআর, ২০০৮ এর বিধি ৭৬(১) এর দফা (ছ) এর ব্যাখ্যা সংশোধনের ফলে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় উৎপাদিত পণ্য ক্রয়ে প্রতিবন্ধকতা দূর করার জন্য পুনরায় সংশোধন প্রসংগে।

- (১) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পাট-১ অধিশাখার স্মারক নং-২৪.০০.০০০০.১১৮.১৮.০২৯.১৪-৪৫১, তারিখঃ ০৮/১০/২০১৭ খ্রিঃ
- (২) কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-১ অধিশাখার স্মারক নং- ১২.০০.০০০০.০২৭.০৭.০০২.১১-৩৫২, তারিখঃ ১০/১০/২০১৭
- (৩) বিএডিসি'র পত্র নং-১২.২২৫.০০৭.০১.০১.০৭৫.২০১৬-১৮৯; তারিখঃ ১৩/০৯/২০১৭ খ্রিঃ
- (৪) বিএলজেএম'র পত্র নং-বিএলজেএমএ-১৭/১২৫; তারিখঃ ২০/০৯/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৩১ ধারা অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি অগ্রাধিকার বিবেচ্য। পিপিএ, ২০০৬ এর ধারা-৩২ ও পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬ এ উন্মুক্ত দরপত্র ব্যতীত সরাসরি পদ্ধতি প্রয়োগের ক্ষেত্র উল্লেখ করা হয়েছে। বিধি-৭৬(ছ) সরাসরি চুক্তি প্রয়োগের অন্যতম সংস্থান এবং এতে শর্ত সাপেক্ষে সরকারি প্রতিষ্ঠান থেকে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের সুযোগ রাখা হয়েছে। পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬(১)(ছ) এর যে সংশোধনী গত ২৪ নভেম্বর, ২০১৬ তারিখে জারী করা হয়েছে তাতে বিধিটি সহজবোধ্য করার লক্ষ্যে উক্ত বিধির নিম্নাংশে একটি ব্যাখ্যা সংযোজন করা হয়েছে। বর্ণিত বিধিটি নিম্নরূপঃ


“৭৬(১)(ছ): বিশেষ ক্ষেত্রে সরকারী মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরকারের নিজস্ব অর্থে ক্রয় করা হইলে;

ব্যাখ্যাঃ “সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য” বলিতে জাহাজে করিয়া ইতোমধ্যে অধিক পরিমাণে কোন বিভাজ্য পণ্য যেমন, খাদ্যশস্য, গম, চিনি, সার ইত্যাদি বন্দরে আসিয়াছে, তাহা জরুরি প্যাকেটজাত করিবার লক্ষ্যে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানা হইতে সরকারের নিজস্ব অর্থে বস্তা ক্রয়, সরকারি কারখানা হইতে যানবাহন বা যন্ত্রপাতি মেরামত, সরকারি কারখানার বিদ্যমান সরঞ্জামাদি অন্য সরকারি কারখানা হইতে মেরামত, ১৫ সেপ্টেম্বর, ১৯৮৯/৩১ শে ভাদ্র ১৩১৬ তারিখে শিল্প মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত শিল্প/স্বস-৩/পার-১১/৮৮/২৫৫ নং প্রজ্ঞাপন অনুযায়ী কর্পোরেশন, রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠান/কারখানা এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের মধ্যে সাব-কন্ট্রাকটিং ব্যবস্থাদানের মাধ্যমে লিংকেজ স্থাপনপূর্বক ধাতব, প্লাস্টিক, চীনা মাটি প্রভৃতি হইতে প্রস্তুত যন্ত্রপাতি/যন্ত্রাংশ সংগ্রহের জন্য প্রণীত বিধিমালা ও জাতীয় শিল্পনীতি, ২০১০ এর নীতি ১৫.৪ এর (খ) এর আলোকে প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ বা যন্ত্রপাতির চাহিদা দেশীয় ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে পূরণ, ইত্যাদিকে বুঝাইবে;”।

০২। লক্ষ্যণীয় যে, উপরোক্ত ব্যাখ্যায় উদাহরণ হিসেবে কতিপয় পণ্য ও সেবার নাম উল্লেখ করা হয়েছে। যেমন, সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানা হতে সরকারের নিজস্ব অর্থে বস্তা ক্রয়, সরকারি কারখানা হতে যানবাহন বা যন্ত্রপাতি মেরামত, সরকারি কারখানার বিদ্যমান সরঞ্জামাদি অন্য সরকারি কারখানা হতে মেরামত ইত্যাদি। অর্থাৎ বিধি-৭৬(১)(ছ) অনুযায়ী সরকারি প্রতিষ্ঠান থেকে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা উপর্যুক্ত ব্যাখ্যায় উদাহরণ হিসেবে বিধৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মধ্যে সীমিত নয় বরং “সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত” মর্মে শর্ত পূরণ করা হলে বিধি-৭৬(১)(ছ) মোতাবেক বিশেষ ক্ষেত্রে সরকারের নিজস্ব অর্থে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত যে কোন ধরনের পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরাসরি

ক্রয় পদ্ধতিতে সংগ্রহ করা যেতে পারে। তবে সরাসরি ক্রয় পদ্ধতি অবলম্বনের ক্ষেত্রে বিধি-৬২(২) অনুযায়ী নির্ধারিত ফ্লো-চার্ট অনুসরণ করতে হবে।

০৩। উল্লেখ্য যে, ক্রয়ের লক্ষবস্তু, পরিমাণ ও উৎস নির্ধারণ এবং সে অনুযায়ী ক্রয় পদ্ধতি নির্বাচন আইনের ৩১ ও ৩২ ধারা এবং বিধিমালার ১৫ বিধি অনুযায়ী ক্রয়কারীর এখতিয়ার। ‘পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০’ এর আওতায় গঠিত উপদেষ্টা কমিটির সুপারিশের আলোকে “ধান, গম ও ভুট্টা বীজের ক্ষেত্রে ৫ কেজি ও তদুর্ধ্ব পরিমাণ মোড়কীকরণে বাধ্যতামূলক পাটের ব্যাগ ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে বিজেএমসি ৫০% এবং বেসরকারি উৎস হতে ৫০% হারে লেমিনেটেড হেসিয়ান ব্যাগ সরবরাহ করবে” মর্মে সরকারের ভিন্নরূপ যে সিদ্ধান্ত রয়েছে উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে সেটি সংশ্লিষ্ট ক্রয়কারীর জন্য অবশ্য পালনীয় সিদ্ধান্ত। এর সঙ্গে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৭৬(১)(ছ) কোন সংশ্লিষ্টতা নেই।


২১/০৩/১০১৭
(মাসুদ আকতার খান)
পরিচালক (সংযুক্ত)
ফোন- ৯১৪৪২৫২-৩

বিতরণঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
৪. মহা-সচিব, বিএলজেএমএ, ৭১, মতিঝিল বা/এ (৪র্থ তলা), মাহবুব ম্যানশন, ঢাকা-১০০০।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩. অফিস কপি।